**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# বাবা দিবস এগিয়ে আসার এই সময়ে, 2021 সালে নিউ ইয়র্কের রেকর্ড সংখ্যক বাবারা দেশের নেতৃস্থানীয় সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি ব্যবহার করেছেন বলে গভর্নর হোকলের ঘোষণা

***নতুন লভ্য হওয়া ইন্টারঅ্যাকটিভ ডাটাবেস থেকে দেখা যায় যে প্রতি বছর আরো বেশি সংখ্যক কর্মী তাদের সন্তানদের সঙ্গে সম্পর্ক জোরদার করতে এবং পরিবারের সদস্যদের দেখাশোনা করতে দেশের সবচেয়ে শক্তিশালী এই কর্মসূচিকে কাজে লাগাচ্ছেন***

***ইন্টারঅ্যাকটিভ ডাটাবেস অ্যাক্সেস করুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2021 সালে রেকর্ড সংখ্যক কর্মী তাদের সন্তানদের সঙ্গে সম্পর্ক জোরদার করতে অথবা গুরুতরভাবে অসুস্থ পরিবারের সদস্যের দেখাশোনা করতে নিউ ইয়র্কের মাইলফলক কর্মসূচি সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি ব্যবহার করেছেন। একটি ইন্টারঅ্যাকটিভ ডাটাবেসে প্রকাশিত এই ডাটা দেখায় যে এই কর্মসূচির প্রথম চার বছরে সামগ্রিক ব্যবহারের হার, প্রতি বছর সবেতন পিতৃত্বকালীন ছুটি গ্রহণকারী পুরুষের সংখ্যা, এবং ছুটি নেওয়া সময়ের গড় দৈর্ঘ্য প্রত্যেক বছর বৃদ্ধি পেয়েছে। এছাড়া, নিম্ন ও মধ্যম বেতনের কর্মীদের মধ্যে সবেতন পারিবারিক ছুটির ব্যবহার সবচেয়ে বেশি।

"কোনো ব্যক্তির জন্যই প্রিয়জনের দেখাশোনা করা এবং বেতনের চেক এই দুইটির মধ্যে একটি বেছে নেওয়ার সিদ্ধান্তের মুখোমুখী হওয়া উচিত নয়, এবং বর্তমানে পাওয়া এই তথ্য সবেতন পারিবারিক ছুটি কতটা গুরুত্বপূর্ণ, বিশেষ করে কর্মজীবী শ্রেণির নিউ ইয়র্কবাসীদের জন্য, সে বিষয়টি দেখিয়ে দিয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই বাবা দিবসে আমি এটা দেখে বিশেষ করে আনন্দিত হয়েছি যে পুরুষরা তাদের সন্তানদের দেখাশোনা করা এবং তাদের সঙ্গে সম্পর্ক মজবুত করার জন্য অত্যন্ত উৎসাহ নিয়ে এই সুবিধাটির সুযোগ গ্রহণ করেছেন এবং প্রতি বছর আরো বেশি সংখ্যক ব্যক্তি সবেতন পারিবারিক ছুটি ব্যবহার করছেন।"

"সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি নিউ ইয়র্কের কর্মীদের সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিষয়: পরিবারকে অগ্রাধিকার দেওয়ার সুযোগ করে দিয়েছে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর ডেলগাডো।** "একজন স্বামী এবং দুইজন অল্পবয়সী ছেলের বাবা হিসেবে, আমার জানা আছে যে যখন আপনার সন্তানের অথবা কোনো প্রিয়জনের দেখাশোনা করার জন্য আপনার বাড়িতে

থাকার প্রয়োজন হয় তখন সবেতন ছুটি কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠে। এই বাবা দিবসে, এই গুরুত্বপূর্ণ কর্মসূচির সুবিধা গ্রহণকারী সব বাবাকে আমি সাধুবাদ জানাই এবং পারিবারিক সম্পৃক্ততা ও অংশগ্রহণ সক্রিয় রাখতে আপনাদের দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবকে উৎসাহিত করছি।"

2016 সালে, দেশব্যাপী মাত্র 13 শতাংশ কর্মী সবেতন পারিবারিক ছুটি পেয়েছেন। 7.5 মিলিয়নেরও বেশি কর্মীকে সবেতন পারিবারিক ছুটি প্রদানের জন্য নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় আইন প্রণয়ন করার পর থেকে, কর্মসূচির প্রথম চার বছরে 543,000 এরও বেশি পারিবারিক ছুটির দাবির জন্য অর্থ পরিশোধ করা হয়েছে, যার মধ্যে 2021 সালে 146,708টি দাবি ছিল যা সর্বোচ্চ সংখ্যার রেকর্ড তৈরি করেছে।

**আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) সুপারিন্টেন্ডেন্ট অ্যাড্রিন এ. হ্যারিস বলেন,** "সবেতন পারিবারিক ছুটির বিষয়ে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থান অব্যাহত রাখায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি। স্টেটের সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি সব নিউ ইয়র্কবাসীর আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, যেটি কর্মীদের জন্য চাকরি হারানো অথবা উল্লেখযোগ্য পরিমাণে আয় হারানো ইত্যাদির মতো কোনো নেতিবাচক পরিণামের মুখোমুখী না হয়েই ছুটি নিতে পারার বিষয়টি নিশ্চিত করছে। একটি নতুন সরকারি ডাটাবেসের মাধ্যমে আজ লভ্য হওয়া এই ডাটা যেকোনো ব্যক্তিকে এই কর্মসূচির সফলতা ট্র্যাক করার সুযোগ প্রদান করবে এবং অন্য স্টেট ও ফেডারেল সত্ত্বাগুলোর জন্য একই ধরনের কর্মসূচি গ্রহণ করার ক্ষেত্রে একটি সরঞ্জাম হিসেবে কাজ করতে পারে।"

**নিউ ইয়র্ক স্টেটের ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডের (Workers' Compensation Board) সভাপতি ক্ল্যারিসা এম. রডরিগেজ বলেন,** "এটা দেখতে পাওয়া একটি চমৎকার ব্যাপার যে সবেতন পারিবারিক ছুটি নিউ ইয়র্কবাসীদের সাহায্য করছে, এবং বিশেষ করে নিম্ন আয়ের কর্মীদের, যাদের হয়তো এমনটা না হলে প্রয়োজনের সময়ে তাদের প্রিয়জনদের সঙ্গে থাকার সামর্থ্য হতো না। এখন পর্যন্ত অর্ধ মিলিয়নেরও বেশি সংখ্যক সবেতন পারিবারিক ছুটি দাবি করা কর্মীর অর্থ পরিশোধ করা হয়েছে, যাদের চাকরির সুরক্ষা সহ, কাজ থেকে সবেতন ছুটি পাওয়ার প্রয়োজন রয়েছে, হোক সেটা নতুন জন্ম নেওয়া কোনো সন্তানের সঙ্গে সম্পর্ক জোরদার করার জন্য, গুরুতর স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত পরিবারের কোনো সদস্যের দেখাশোনা করার জন্য অথবা দেশের বাইরে সেনা মোতায়েনের সময়ে পরিবারকে সহায়তা করার জন্য। আমরা গর্বিত যে নিউ ইয়র্কের শক্তিশালী সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি সত্যিকার অর্থেই শক্তিশালী পরিবার গড়ে তুলতে সাহায্য করছে।"

**স্টেট সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন,** "শুরুর সময় থেকেই, নিউ ইয়র্ক স্টেটের সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি গুরুত্বপূর্ণ মজুরি হারানো অথবা আরো খারাপ ক্ষেত্রে নিজের চাকরি হারানোর বাড়তি মানসিক চাপ ছাড়াই নিউ ইয়র্কবাসীদের তাদের প্রিয়জনদের দেখাশোনা করার সামর্থ্য প্রদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এত বেশি সংখ্যক নিম্ন ও মধ্যম বেতনের কর্মীরা নিউ ইয়র্কের সমন্বিত কর্মসূচির সুবিধা গ্রহণ করছেন এবং এর মাধ্যমে উপকৃত হচ্ছেন দেখতে পাওয়া একটি আনন্দের ব্যাপার। আমি 2023 সালের জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি যখন এই কর্মসূচিকে আরো বেশি সম্প্রসারণ করে ভাই-বোনের

দেখাশোনা করার বিষয়টিও অন্তর্ভুক্ত করার জন্য আমার বিলটি কার্যকর হবে। আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল আমাদের এই সফল কর্মসূচি সম্প্রসারণের গুরুত্ব স্বীকার করেছেন, যা কর্মচারীদের তাদের পরিবারকে অগ্রাধিকার দেওয়ার সুযোগ প্রদানের ক্ষেত্রে নিউ ইয়র্ককে দেশের আরো সামনে এগিয়ে নেবে।"

**স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন,** "নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি দেশের বাকি অংশের জন্য একটি মডেল। আমি আশা করছি অন্যান্য উপায়ে নিউ ইয়র্কের নিরাপত্তা বেষ্টনি পুনর্নির্মাণের সময়ে এই কর্মসূচির সফলতা একটি রিমাইন্ডার হিসেবেও কাজ করবে। আমাদের কর্মীদলের সব কর্মীর জন্য সম্প্রসারিত, অ্যাক্সেসযোগ্য সুবিধাসমূহ লভ্য থাকাটা সেবা সংক্রান্ত প্রয়োজন যাতে জীবিকা উপার্জনের প্রয়োজনের সঙ্গে প্রতিযোগিতায় লিপ্ত না হয় সে বিষয়টি নিশ্চিত করছে।"

**অ্যাসেম্বলি সদস্য ক্যাথি নোলান বলেন,** "এই বাবা দিবসে নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটি আইনের উপর আলোকপাত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। অ্যাসেম্বলিতে বহু বছর ধরে বিলটির প্রধান পৃষ্ঠপোষক হিসেবে, এটি প্রণীত হওয়ার পর থেকে কর্মসূচিটি আমার ডিস্ট্রিক্টে এবং স্টেটজুড়ে আমাদের এত বেশি সংখ্যক পরিবারের উপর যে ইতিবাচক প্রভাব রেখেছে তা দেখতে পাওয়া আমার জন্য অত্যন্ত আনন্দের ব্যাপার। আমি আশা করছি যে, A10224A/ S09167A পাশ হওয়ার পর থেকে আরো অধ্যয়ন সম্পন্ন করা গভর্নর ও আইন পরিষদকে সবেতন পারিবারিক ছুটি কর্মসূচির সম্প্রসারণ ও সফলতা অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে। সব আকার ও আকৃতির পরিবারগুলোর জন্য সুবিধাগুলো লভ্য থাকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, অ্যাক্সেস করার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অপসারণ করতে অব্যাহতভাবে কাজ করে যাওয়া, এবং জরুরি সময়ে নিজেদের পরিবারের সঙ্গে থাকার প্রয়োজন রয়েছে এমন নিউ ইয়র্কবাসীরা যাতে সে কাজটি করার মতো আর্থিক নিরাপত্তা ও নমনীয়তা পান সে বিষয়টি নিশ্চিত করা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**অ্যাসেম্বলি সদস্য লাটোয়া জয়নার বলেন,** "বাবা দিবস উদযাপনের জন্য আমাদের প্রস্তুতি নেওয়ার এই সময়ে, এই ডাটা থেকে দেখা যায় যে নিউ ইয়র্ক জুড়ে বাবারা তাদের সন্তানদের জীবনে বৃহত্তর ভূমিকা পালন করা এবং তাদের প্রিয়জনদের জন্য সহায়তা প্রদান করার মাধ্যমে পরিবারের সঙ্গে সম্পর্ক শক্তিশালী করতে আমাদের স্টেটের পারিবারিক ছুটি আইন ব্যবহার করছে। নিউ ইয়র্কের পারিবারিক ছুটি আইন একটি সত্যিকার সফলতার গল্প এবং নিউ ইয়র্ককে বসবাস, কর্মসংস্থান ও পরিবার গড়ে তোলার জন্য আরো বেশি আকর্ষণীয় একটি স্থানে পরিণত করতে আমি গভর্নর হোকলের সঙ্গে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**অ্যাসেম্বলি সদস্য স্যান্ডি গালেফ বলেন,** "বাবারা সন্তানের বিকাশের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং তাদের নবজাতক সন্তানের সঙ্গে বন্ধন গড়ে তুলতে পারা গুরুত্বপূর্ণ - অথবা যদি তাদের সন্তানদের মধ্যে কারো এমন কোনো অবস্থা থাকে যেটির জন্য তার বাড়তি সহায়তা প্রয়োজন হয়, তাহলে একজন বাবার জন্য তার কর্মসংস্থানের অবস্থা নিয়ে দুশ্চিন্তায় থাকার প্রয়োজন হওয়া উচিত নয়। এই বাবা দিবসে, আমি আমাদের স্টেটের শিশুদের জন্য প্রয়োজন পূরণকারী নিঃস্বার্থ কেয়ারগিভারদের অবদানের কথা স্বীকার করছি, এবং আমি

গর্বিত যে এখানে নিউ ইয়র্কে আমরা সবেতন পারিবারিক ছুটি প্রদান করছি যাতে এই বাবারা সবসময় তাদের পরিবারের কথা আগে ভাবতে পারেন।"

**এ বেটার ব্যালেন্স (A Better Balance)-এর সহ-প্রতিষ্ঠাতা ও কো-প্রেসিডেন্ট শেরি লেইওয়ান্ট বলেন,** "নিউ ইয়র্কের যুগান্তকারী সবেতন পারিবারিক ছুটি কর্মসূচির ব্যবহার সম্পর্কিত বিস্তারিত ডাটা সংগ্রহ ও প্রকাশ করায় এ বেটার ব্যালেন্স নিউ ইয়র্কের আর্থিক পরিষেবা বিভাগ এবং ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডের প্রশংসা করছে। সবেতন পারিবারিক ছুটি কর্মসূচির বিস্তৃত পরিসরের প্রভাব পুরোপুরি অনুধাবন করতে এই ডাটা আমাদের স্টেটের জন্য অনেক বেশি গুরুত্ব বহন করে। অব্যাহতভাবে ব্যবহার বৃদ্ধি পাওয়া এবং এই কর্মসূচি যে নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের উপকৃত করছে এই সংবাদ নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য সবেতন পারিবারিক ছুটি কতটা গুরুত্বপূর্ণ সে প্রমাণ দেখিয়ে দিয়েছে। বাবাদের পাশাপাশি মায়েরাও যে এই কর্মসূচির সুবিধা গ্রহণ করছেন এই সংবাদ স্টেট জুড়ে শিশুদের ও পরিবারগুলোর জন্য এবং শক্তিশালী পরিবার গড়ে তোলা ও লিঙ্গ সমতার যে লক্ষ্য আমরা শেয়ার করি সেটির জন্য দারুণ একটি সংবাদ।"

**কমিউনিটি সার্ভিস সোসাইটি অব নিউ ইয়র্ক (Community Service Society of New York)-এর ডেভিড আর. জোনস বলেন,** "সবেতন পারিবারিক ছুটি কর্মসূচির শুরুর সময়ের একজন সমর্থক হিসেবে চালু হওয়ার পর থেকে সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি কাজে লাগানোর সংখ্যা বৃদ্ধি পেয়েছে দেখতে পাওয়া একটি উদ্দীপনাপূর্ণ ব্যাপার। বাবা-মায়েদের জন্য তাদের নবজাতক সন্তানের সঙ্গে বন্ধন গড়ে তোলা অথবা পরিবারের অন্য কোনো সদস্যের দেখাশোনা করা সহজতর করার মাধ্যমে সবেতন পারিবারিক ছুটি কর্মচারীদের কর্মসংস্থান ও কেয়ারগিভিং এর দায়িত্ব আরো ভালোভাবে সামাল দিতে সাহায্য করছে এবং তাদের আরো বেশি উৎপাদনমুখী করে তুলছে। এই সুবিধা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি অব্যাহত রাখতে CSS স্টেটের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখে।"

ডাটা থেকে পাওয়া গুরুত্বপূর্ণ তথ্যগুলোর মধ্যে রয়েছে:

- কর্মসূচির প্রত্যেক বছরে দাবির অর্থ পরিশোধের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, তবে 2020 সালে কিছুটা কমে গিয়েছিল, যা সম্ভবত কোভিড-19 মহামারির প্রভাবের ফলে হয়েছে। নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটি কাজে লাগানোর হার (কোনো এক বছরে সুবিধাটি ব্যবহারকারী কর্মীদের সংখ্যা) 2018 সালে 1.65 শতাংশ থেকে ক্রমশ বৃদ্ধি পেয়ে 2019 সালে 1.85 শতাংশ, 2020 সালে 1.86 শতাংশ, এবং 2021 সালে 1.91 শতাংশ হয়েছে।
- বেশিরভাগ ক্ষেত্রে নতুন জন্ম নেওয়া, দত্তক নেওয়া, বা পালক সন্তানের দেখাশোনা করা এবং সম্পর্কের বন্ধন গড়ে তোলার সময় নেওয়ার উদ্দেশ্যে বাবা-মায়েরা এই সুবিধা ব্যবহার করেছেন, যা 2018 সালে 83,500টি দাবি, 2019 সালে 101,700টি দাবি, 2020 সালে 98,700টি দাবি, এবং 2021 সালে 105,900টি দাবিতে পরিণত হয়েছে।
- প্রত্যেক বছর আরো বেশি সংখ্যক পুরুষ তাদের সন্তানদের দেখাশোনা করতে এবং তাদের সঙ্গে বন্ধন গড়ে তুলতে পিতৃত্বকালীন ছুটি গ্রহণ করছেন। সন্তানের

সঙ্গে বন্ধন গড়ে তুলতে পুরুষদের গৃহীত সবেতন পারিবারিক ছুটি দাবির শতকরা হার প্রত্যেক বছর বৃদ্ধি পেয়েছে। 2018 সালে 30.7 শতাংশ (25,674টি দাবি); 2019 সালে 33.2 শতাংশ (33,732টি দাবি); 2020 সালে 36.3 শতাংশ (35,860টি দাবি); এবং 2021 সালে 38.2 শতাংশ (40,477টি দাবি)।

- আরো বেশি সংখ্যক মানুষ পরিবারের অসুস্থ সদস্যদের দেখাশোনা করছেন। 27.8 শতাংশ দাবি এসেছে পরিবারের গুরুতর অসুস্থ কোনো সদস্যের দেখাশোনা করার জন্য সবেতন ছুটি চাওয়া নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে, এবং সাধারণভাবে অসুস্থ বাবা-মায়ের দেখাশোনা করার জন্য সময় বের করার বিষয়টি সবচেয়ে বেশি দেখা গেছে।
- প্রত্যেক বছর গৃহীত ছুটির সময় বৃদ্ধি পেয়ে 2018 সালে 5.5 সপ্তাহ থেকে 2021 সালে 7.7 সপ্তাহ হয়েছে।
- নিম্ন ও মধ্যম বেতনের কর্মীদের মধ্যে সবেতন পারিবারিক ছুটির ব্যবহার সবচেয়ে বেশি ছিল। 2018, 2019, ও 2020 সালে ব্যবহারের সর্বোচ্চ হার ছিল 40,000 ডলারের কম বার্ষিক আয়ের কর্মীদের কাছ থেকে (যথাক্রমে 38,005টি, 41,752টি, 34,953টি দাবি) এবং 2021 সালে সর্বোচ্চ ব্যবহার দেখা গেছে 40,000 ডলার ও 60,000 ডলার বার্ষিক আয়ের কর্মীদের কাছ থেকে (34,517টি দাবি)।

এছাড়াও, এই রিপোর্ট দেখায় যে নিউ ইয়র্কের প্রতিটি অঞ্চলের নিউ ইয়র্ক স্টেটের কর্মীরা দেশের নেতৃস্থানীয় এই সুবিধার সুফল কাজে লাগিয়েছেন। অঞ্চল অনুযায়ী 2021 সালের দাবিগুলোর মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্ক সিটি (44,203)
- লং আইল্যান্ড (21,516)
- মিড-হাডসন (15,172)
- ওয়েস্টার্ন NY (13,115)
- ফিঙ্গার লেকস (11,446)
- রাজধানী অঞ্চল (8,862)
- সেন্ট্রাল NY (5,474)
- সাদার্ন টিয়ার (4,257)
- মোহাক ভ্যালি (3,531)
- নর্থ কান্ট্রি (2,727)
- সুনির্দিষ্ট করা যায়নি অথবা স্টেটের বাইরে (16,639)

2018 সাল থেকে কার্যকর হওয়া নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি হলো কর্মচারীদের পরিশোধ করা বিমা যা কর্মীদের নতুন জন্ম নেওয়া, দত্তক নেওয়া, বা পালক সন্তানের সঙ্গে বন্ধন গড়ে তুলতে, গুরুতর স্বাস্থ্য সমস্যায় (যার মধ্যে কোভিড-19 অন্তর্ভুক্ত থাকতে পারে) আক্রান্ত পরিবারের কোনো সদস্যের দেখাশোনা করতে, অথবা পরিবারের কোনো

সদস্য সক্রিয় সামরিক দায়িত্ব পালনের জন্য দেশের বাইরে মোতায়েন হলে প্রিয়জনদের সাহায্য করার জন্য চাকরি সুরক্ষিত রেখে, সবেতন ছুটি প্রদান করে।

2021 সালে গভর্নর হোকল গুরুতর অসুস্থ ভাই-বোনের দেখাশোনা করার জন্য সবেতন ছুটি গ্রহণ করতে নিউ ইয়র্কবাসীদের সুযোগ করে দিতে এই সুবিধা সম্প্রসারণকারী আইনে স্বাক্ষর করেছেন। এই নতুন সুবিধা 2023 সালে কার্যকর হবে।
কোনো কর্মচারী অথবা তাদের অপ্রাপ্তবয়স্ক, নির্ভরশীল সন্তান কোভিড-19 এর কারণে কোয়ারেন্টাইনে বা বিচ্ছিন্ন থাকার নির্দেশ পেয়ে থাকলে, এমন কিছু পরিস্থিতিতেও সবেতন পারিবারিক ছুটি পাওয়া যেতে পারে। উপযুক্ত কর্মীরা প্রয়োজনের সময়ে তাদের বেতনের 67 শতাংশ বেতনে (একটি সর্বোচ্চ সীমা পর্যন্ত) 12 সপ্তাহ পর্যন্ত ছুটি নিতে পারবেন।

কিভাবে ছুটির জন্য আবেদন করতে হবে সে তথ্য সহ নিউ ইয়র্ক স্টেটের সবেতন পারিবারিক ছুটি কর্মসূচি সম্পর্কে সম্পূর্ণ বিস্তারিত তথ্যের জন্য, ভিজিট করুন PaidFamilyLeave.ny.gov।

নিউ ইয়র্ক স্টেটের সবেতন পারিবারিক ছুটির ব্যবহার সম্পর্কিত DFS ইন্টারঅ্যাকটিভ ডাটাবেস অ্যাক্সেস করতে, ভিজিট করুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418